




Ministry of Interior
Republic of Cyprus

শোষণ ও মানব পাচারের শিকার হয়েছেন এমন ব্যক্তি-বর্গের জন্য গাইডবুক



মানব পাচারের বিরুদ্ধে
বিভিন্ন বিভাগীয় গোষ্ঠী



মানব পাচার কি?

মানব পাচার হল কোন ব্যক্তি-বর্গ কিংবা সংঘবদ্ধ ব্যবসায়ী এবং পাচারকারীদের নেটওয়ার্ক দ্বারা একজন মানুষকে শোষণ করার উদ্দেশ্যে সংঘটিত অপরাধ।

পাচারকার্য শুরু হয় মূলত কাউকে শোষণের উদ্দেশ্যে ছমকি, সহিংসতা, জবরদস্তি, অপহরণ, বিদ্রোহ, প্রতারণা বা ঠকানোর মাধ্যমে একজন মানুষকে নিয়োগদানের মধ্য দিয়ে তাকে পরিবহন, স্থানান্তর গ্রহণ এবং আশ্রয় কিংবা থাকার জায়গা প্রদান করা।

আলামত চিহ্নিতকরণ

আপনি কি নিম্নলিখিত প্রশ্নগুলির সাথে কোন সম্পৃক্ততা

- আপনাকে কি একটি নির্দিষ্ট ধরনের শ্রমের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে কিন্তু সম্পূর্ণরূপে ভিন্ন
- কোন কাজ করতে বাধ্য করা হয়েছে?
- আপনাকে কি আপনার ব্যক্তিগত নথি (যেমন আইডি কার্ড পাসপোর্ট) সমর্পণ করতে হয়েছে?
- আপনি কি আপনার কাজের জন্য প্রতিশ্রুত মজুরির চেয়ে কম বেতন পাচ্ছেন?
- আপনার সাথে কি খারাপ ব্যবহার করা হচ্ছে বা মানসিকভাবে নির্যাতন করা হচ্ছে?
- আপনি কি অবাধে চলাফেরা করতে বাধা পাচ্ছেন?
- আপনাকে কি ভিক্ষা, চুরি বা পতিতা করতে বাধ্য করা হয়েছে?
- আপনাকে কিংবা আপনার পরিবারকে কি হুমকি দেওয়া হচ্ছে?

আপনি যদি মনে করেন যে,

উপরের কোন একটি ঘটনা ঘটছে,
তবে এখনই বিনামূল্যে কল করুন **1497**

অথবা সমাজকল্যাণ পরিষেবার

VOHTSupport@sws.dmsw.gov.cy-এ ইমেল পাঠান।

অনুসন্ধান, সুপারিশ ও চিহ্নিতকরণ পদ্ধতি

আপনি যদি মনে করেন যে, আপনি মানব পাচারের শিকার হয়েছেন, তবে আপনার জন্য সামাজিক কল্যাণ পরিষেবা হচ্ছে প্রথম পরিষেবা যা আপনাকে অবিলম্বে সহায়তা প্রদান করবে এবং আপনার অধিকার সম্পর্কে আপনাকে অবহিত করবে। সব সময় মনে রাখবেন যে, সোশ্যাল ওয়ার্কার এবং পুলিশ অফিসাররা যারা আপনার সাক্ষাতকার নেবেন তারা উভয়ই আপনার পাশে থাকবেন। তারা আপনাকে সাহায্য করবেন এবং সহযোগিতা করবেন।

মানব পাচার প্রতিরোধ ও প্রতিকার আইন অনুসারে পুলিশ বিশেষ করে মানব পাচার প্রতিরোধ অফিস ভিকটিমদেরকে শোষণের হাত থেকে সুরক্ষা মানব পাচারের শিকার ব্যক্তি-বর্গকে চিহ্নিতকরণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ।

পুলিশের প্রধান উদ্বেগের বিষয় হলো আপনাকে উদ্ধার করা, আপনার শারীরিক ও মানসিক নিরাপত্তা প্রদান করা এবং সহযোগিতা নিশ্চিত করা আপনার অধিকার রক্ষা করা এবং আপনাকে অধিকারগুলি আদায়ে সুযোগ সৃষ্টি করে দেয়া।

প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের সময়কাল

পুলিশ অবিলম্বেই নিশ্চিত করবেন যে, আপনাকে একটি "প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য সময়কাল" অনুমোদন করা হয়েছে, এটা মূলত অপরাধীদের বিচারের জন্য প্রসিকিউটিং কর্তৃপক্ষকে আপনি সহযোগিতা করতে চান কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের সময়।

আপনি যখন বিচারকারী কর্তৃপক্ষকে সহযোগিতা করার সিদ্ধান্ত নেবেন, তখন ততদিন পর্যন্ত আপনার সাইপ্রাসে থাকার অধিকার থাকবে যতদিন বিচারকার্য চলমান থাকবে, আপনি আপনার সমস্ত অধিকার ভোগ করতে থাকবেন।

মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন হলে আপনি পাচারের শিকার হিসেবে স্বীকৃত হয়েছেন কিনা তা পুলিশ আপনাকে জানাবে।

আপনি কি সম্ভবত একজন ভিকটিম?

আপনি যা কিছু পাওয়ার যোগ্য:

- রাষ্ট্র এবং অন্যান্য বেসরকারী সংস্থা দ্বারা সহযোগিতা, উদাহরণস্বরূপ:
 - উপদেশমূলক নির্দেশিকা
 - আপনার যদি কোন সম্পদ না থাকে তবে সেক্ষেত্রে আর্থিক সহায়তা
 - বিনামূল্যে জরুরী চিকিৎসা ও ফার্মাসিউটিক্যাল কেয়ার
 - বিনামূল্যে জরুরী মানসিক সহায়তা
 - দোভাষী এবং অনুবাদ
 - প্রতিকার ব্যবস্থা গ্রহণের সময়কাল
 - বিনামূল্যে আইনি বা অন্যান্য পরামর্শের ব্যবস্থা
- যেখানে প্রয়োজন পুলিশি সুরক্ষা
- নির্বাসন থেকে সুরক্ষা
- প্রয়োজনবোধে রাষ্ট্রীয় আশ্রয়কেন্দ্রে থাকা
- শিক্ষার সুযোগ (অপ্রাপ্তবয়স্কদের জন্য)
- আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন জমা দেওয়ার অধিকার

আপনি কি একজন চিহ্নিত ভিকটিম?

এছাড়াও আপনি যা কিছু পাওয়ার যোগ্য:

- আপনি ফৌজদারি কার্যধারায় অংশগ্রহণ করতে পারবেন যেখানে থাকার অনুমতি রয়েছে।
- প্রয়োজনে সাক্ষী সুরক্ষা প্রকল্পে অন্তর্ভুক্ত হতে পারবেন
- বিনামূল্যে চিকিৎসা সেবা পাবেন
- বিনামূল্যে মনস্তাত্ত্বিক সহায়তা পাবেন
- কর্মসংস্থানের বিষয়ে পরামর্শ সেবা পাবেন
- প্রয়োজনে পেশাদারিত্বমূলক প্রশিক্ষণ
- শ্রম বাজারে অবাধ প্রবেশ
- ক্ষতিপূরণ আদায়ের ক্ষেত্রে বিনামূল্যে কৌশলী সহায়তা



আপনি যদি মনে করেন যে,
উপরের কোন একটি ঘটনা ঘটছে,
তবে এখনই বিনামূল্যে কল করুন 1497

অথবা সমাজকল্যাণ পরিষেবার
VOHTSupport@sws.dmsw.gov.cy-এ ইমেল পাঠান।



P.I.O. 114/2024-1.000-Bengali

Published by the Press and Information Office

Printed by the Government Printing Office